


# ঢাবিতে আন্তর্জাতিক গণিত সম্মেলন সমাপ্ত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ১০ ডিসেম্বর ২০১৭,রবিবার, ১৯:৪৬ Nayadiganta

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শেষ হল তিন দিনব্যাপী আন্তর্জাতিক গণিত সম্মেলন ২০১৭। রোববার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে আনুষ্ঠানিকভাবে এ সম্মেলন শেষ হয়।

সমাপনী অধিবেশনে সভাপতিত্ব করেন বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক সাজেদা বানু। এতে প্রবীণ গণিতবিদ অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার ও বাংলাদেশ গণিত সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ শহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

ফ্রান্সের গণিতবিদ ও ইমেরিটাস অধ্যাপক ড. মাইকেল ওয়াল্ডস্মিথ, জার্মানির গণিতবিদ ড. আবদের রহিম কাজী, ভারতের অধ্যাপক এম পি চৌধুরীর সমন্বয়ে গঠিত জুরি বোর্ডের বাছাইয়ে তিন শিক্ষার্থীকে বিশেষ অবদানের জন্য পুরস্কৃত করা হয়। বিচারকমণ্ডলী তাদের হাতে ক্রেস্ট ও সার্টিফিকেট তুলে দেন।

পুরস্কার প্রাপ্তরা হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের শিক্ষার্থী তাজনিন রহমান, কামরুন্নাহার কেয়া, সাইফুল ইসলাম।

উল্লেখ্য, এর আগে 'দক্ষিণ এশিয়ারগণিতবিদদের সেতু বন্ধন' প্রতিপাদ্যকে সামনে রেখে গত ৮ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ২০তম এ আন্তর্জাতিক সম্মেলনর শুরু হয়। এতে জার্মানি, ফ্রান্স, আমেরিকা, ফিলিপাইন, জাপান, শ্রীলঙ্কা, ভারতসহ বিভিন্ন দেশের গণিতবিদগণ অংশগ্রহণ করেন। উক্ত সম্মেলনে ১৩০টি প্রবন্ধ উপস্থাপিত হয়।

বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় ৩ দিন ব্যাপি ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন ২০১৭ অনুষ্ঠিত




বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় ৩ দিন ব্যাপি ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন ২০১৭ অনুষ্ঠিত
Daily Ajkersangbad

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন ২০১৭ এর ৩য় ও শেষ দিন ঢাকা বিশ^বিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে ১০ ডিসেম্বর রবিবার সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। ৩য় দিন মোট ৪৬টি প্রবন্ধ উপস্থাপিত হয় এ সম্মেলনে গণিতবিদরা তাদের গবেষণামূলক প্রবন্ধ উপস্থাপন করেন। ২ টি প্যারালাল সেশনে প্রতিটিতে বিপুল সংখ্যক গণিতবিদ উপস্থিত ছিলেন। সকলে আগ্রহ সহকারে প্রশ্ন উত্তরসহ বক্তৃত্ব্য উপভোগ করেন। এ সম্মেলনের ফলে গণিতবিদরা পরস্পরের সাথে জ্ঞানের আদান-প্রদানের মাধ্যমে উপকৃত হবে। এ সম্মেলনে সবচেয়ে বেশি উপকৃত হবে বাংলাদেশের তরুণ গবেষকগণ। তারা পৃথিবীর বিখ্যাত গণিতবিদের সংস্পর্শে এসে নিজেদের গবেষণার মান উন্নতি করণের সুযোগ লাভ করবেন। বিদেশী গণিতবিদ বিচারক ফ্রান্সের ইমেরিটাস অধ্যাপক Dr. Michel Waldschmidt, জার্মানীর বিশিষ্ট গণিতবিদ Dr. Abderrahim Ouazzi ও ভারতের Professor M P Chaudhary দ্বারা সর্বোত্তম (best) ৩টি করে পোস্টার উপস্থাপককে পূরষ্কৃত করা হয় এবং বিচারক মন্ডলী ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণ করেন। পুরুস্কার প্রাপ্ত তিনজন হলো: ১। তাজনিন রহমান, গণিত বিভাগ, ঢাকা বিশ^বিদ্যালয়, ২। কামরুন্নাহার কেয়া, গণিত বিভাগ, ঢাকা বিশ^বিদ্যালয়, ৩। সাইফুল ইসলাম, গণিত বিভাগ, ঢাকা বিশ^বিদ্যালয়। সম্মেলনের মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হয় ''দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সেতু বন্ধন''। উক্ত সম্মেলন গণিতবিদদের মধ্যে জ্ঞানের আদান প্রদান ও অভিজ্ঞতা বিনিময় করবে এবং বাংলাদেশের গণিতবিদদের জ্ঞান, অভিজ্ঞতা, উৎকর্ষতা, কার্যকরীতা বৃদ্ধি পাবে বলে আশা করছি। উক্ত সম্মেলনের ফলে দক্ষিণ এশিয়ার গণিতের গবেষণা, জ্ঞান, তরুন গণিতবিদরা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে নিজেরা উপকৃত হবে এবং গণিত শিক্ষার মান উন্নয়নে সহায়তা করতে পারবে। বিকাল ৩ টায় পুরুস্কার ও সার্টিফিকেট বিতরণের মাধ্যমে সম্মেলনের সমাপ্তি ঘোষণা করা হয়। সমাপনী অধিবেশনে সভাপতিত্ব করেন বাংলাদেশ গণিত সমিতির সভাপতি

অধ্যাপক সাজেদা বানু। সভায় আরোও উপস্থিত ছিলেন প্রবীণ গণিতবিদ প্রফেসর ড. মুনিবুর রহমান চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. অমল কৃষ্ণ হালদার ও সমিতির সম্পাদক প্রফেসর ড. মোঃ শহীদুল ইসলাম। সভায় আগত অতিথিবৃন্দকে ধন্যবাদ জানিয়ে ও আমন্ত্রিত বিদেশী অতিথিদেরকে বাংলাদেশ গণিত সমিতির পক্ষ থেকে ক্রেস্ট প্রদান করা হয়।

উল্লেখ্য, ৮ ডিসেম্বর সকাল ১০টায় ঢাকা বিশ^বিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বিশ^বিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান উদ্বোধন করেন। উক্ত সম্মেলনে জার্মানী, ফ্রান্স, আমেরিকা, ফিলিপাইন, জাপন, শ্রীলংকা, ভারতসহ বিভিন্ন দেশের প্রায় ২০ জন গণিতবিদসহ ৩০০ শতাধিক গণিতবিদ অংশগ্রহণ করবে বলে আশা করছেন। উক্ত সম্মেলনে মিডিয়া পার্টনার হিসাবে ইলেক্ট্রনিক মিডিয়া নিউজ ২৪, প্রিন্ট মিডিয়া দৈনিক মানবজমিন, ডেইলি সান, ক্যাম্পাসলাইফ২৪ অংশগ্রহণ করেন। উক্ত সম্মেলন আর্থিকভাবে সহযোগিতা করেন CASIO Japan ওআইসি অংগ প্রতিষ্ঠান COMSTECH.

## আন্তর্জাতিক গণিত সম্মেলনে উপকৃত হয়েছে তরুণ গবেষকরা'

ঢাবি প্রতিনিধি | ডিসেম্বর ১০, ২০১৭ - ৭:৪২

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত আন্তর্জাতিক গণিত সম্মেলনের মাধ্যমে বাংলাদেশের তরুণ গবেষকরা উপকৃত হয়েছেন বলে জানিয়েছেন বাংলাদেশ গণিত সমিতির সাধারণ সম্পাদক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের শিক্ষক ড. মোঃ শহীদুল ইসলাম।

রোববার (১০ই ডিসেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের এফ মুজিবুর রহমান গণিত ভবনে 'দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সেতু বন্ধন' প্রদিপাদ্যে তিন দিন ব্যাপী চলা ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলনে সমাপনী দিনে তিনি এমন মন্তব্য করেন।



তিনি বলেন, এ সম্মেলনের ফলে গণিতবিদরা পরস্পরের সাথে জ্ঞানের আদান-প্রদানের মাধ্যমে উপকৃত হবে। এ ক্ষেত্রে সবচেয়ে বেশি উপকৃত হবে বাংলাদেশের তরুণ গবেষকরা। তারা পৃথিবীর বিখ্যাত গণিতবিদের সংস্পর্শে এসে নিজেদের গবেষণার মান উন্নতিকরণের সুযোগ লাভ করেছেন। এই সম্মেলন গণিতবিদদের মধ্যে জ্ঞানের আদান প্রদান ও অভিজ্ঞতা বিনিময় করবে এবং বাংলাদেশের গণিতবিদদের জ্ঞান, অভিজ্ঞতা, উৎকর্ষতা, কার্যকরীতা বৃদ্ধি পাবে বলে আশা করছি। এ গণিত সম্মেলনের ফলে দক্ষিণ এশিয়ার গণিতের গবেষণা, জ্ঞান, তরুন গণিতবিদরা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে নিজেরা উপকৃত হবে এবং গণিত শিক্ষার মান উন্নয়নে সহায়তা করতে পারবে।

আজকের ৩য় ও সমাপনী দিনে সকাল ৯টা থেকে বিকেল ৩টা পর্যন্ত চলা আন্তর্জাতিক গণিত সম্মেলনে মোট ৪৬টি প্রবন্ধ উপস্থাপিত হয়। এ সম্মেলনে গণিতবিদরা তাদের গবেষণামূলক প্রবন্ধ উপস্থাপন করেন। ২ টি প্যারালাল সেশনে প্রতিটিতে বিপুল সংখ্যক গণিতবিদ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলনের আয়োজন করছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগ। গতকাল ২য় দিনে সর্বোত্তম ৩টি করে পোস্টার উপস্থাপককে পুরষ্কার দেয়ার ঘোষণা দেয়া হয়। বিচারক হিসেবে ছিলেন বিদেশী গণিতবিদ বিচারক ফ্রান্সের ইমেরিটাস অধ্যপক Dr. Michel Waldschmidt, জার্মানীর বিশিষ্ট গণিতবিদ Dr. Abderrahim Ouazzi ও ভারতের গণিতবিদ Professor M P Chaudhary। আজকে তাদেরকে পুরস্কার প্রদান করা হয়। বিচারকরা বিজয়ীদের ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণ করেন। গতকাল পোস্টার উপস্থাপন করা পুরুস্কার প্রাপ্ত তিন জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণিত বিভাগের শিক্ষার্থী। তারা হলেন তাজনিন রহমান, কামরুন্নাহার কেয়া, সাইফুল ইসলাম।

সমাপনী অধিবেশনে সভাপতিত্ব করেন বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক সাজেদা বানু। সভায় আরও উপস্থিত ছিলেন প্রবীণ গণিতবিদ প্রফেসর ড. মুনিবুর রহমান চৌধুরী, গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. অমল কৃষ্ণ হালদার ও গণিত সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ শহীদুল ইসলাম। সভায় আগত অতিথিবৃন্দকে ধন্যবাদ জানিয়ে ও আমন্ত্রিত বিদেশী অতিথিদেরকে বাংলাদেশ গণিত সমিতির পক্ষ থেকে ক্রেস্ট প্রদান করা হয়।

গত ৮ ডিসেম্বর শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান গণিত সম্মেলনের উদ্বোধন করেন। সম্মেলনে জার্মানী, ফ্রান্স, আমেরিকা, ফিলিপাইন, জাপন, শ্রীলংকা, ভারতসহ বিভিন্ন দেশের প্রায় ২০ জনসহ শতাধিক গণিতবিদ অংশগ্রহণ করেন।

গণিত সম্মেলন আর্থিকভাবে সহযোগিতা করেন CASIO Japan এবং ওআইসি অংঙ্গ সংগঠন COMSTECH.

## ঢাবি'র ২০তম গণিত সম্মেলনের ২য় দিন



**ঢাবি লাইভ:** বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে অনুষ্ঠিত হয়। সম্মেলনের ২য় দিন শনিবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত অনুষ্ঠিত হয়।

গণিত সম্মেলনে ২ টি প্যারালাল সেশনে দেশী এবং বিদেশী গণিতবিদগণ মোট ৪৫ টি প্রবন্ধ উপস্থাপন করেন। প্যারালাল প্রতি সেশনে বিপুল সংখ্যক গণিতবিদ শ্রোতা উপস্থিত ছিলেন। সকলে আগ্রহ সহকারে প্রশ্ন উত্তরসহ বক্তৃতব্য উপভোগ করেন।

বিকেলে শিক্ষার্থীদের ৩৮ টি পোস্টার উপস্থাপিত হয়। বিদেশী গণিতবিদ বিচারক দ্বারা সর্বোত্তম (best) ৩টি করে পোস্টার উপস্থাপককে পুরস্কৃত করা হয়। পুরুস্কার প্রাপ্ত তিনজন হলো: তাজনিন রহমান, গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, কামরুন্নাহার কেয়া, গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, সাইফুল ইসলাম, গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

সম্মেলনের ৩য় দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে রবিবার সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত অনুষ্ঠিত হবে এবং বিকাল ৩টায় পুরুস্কার ও সার্টিফিকেট বিতরণের মাধ্যমে সম্মেলনের সমাপ্তি ঘোষণা করা হবে।

উক্ত সম্মেলনে মিডিয়া পার্টনার হিসাবে ইলেক্ট্রনিক মিডিয়া নিউজ ২৪, প্রিন্ট মিডিয়া দৈনিক মানবজমিন, ডেইলি সান, ক্যাম্পাসলাইভ২৪ডটকম অংশগ্রহণ করেন।

# ঢাবিতে আন্তর্জাতিক গণিত সম্মেলন শুরু আগামীকাল

Published: 2017-12-07 19:18:11 BdST, Updated: 2017-12-12 13:39:43 BdST




**ঢাবি লাইভ:** বাংলাদেশ গণিত সমিতির সহযোগিতায় ২০তম আন্তর্জাতিক গণিত সম্মেলন ২০১৭ আগামী ৮-১০ ডিসেম্বর ২০১৭ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত সম্মেলনে জার্মানী, ফ্রান্স, আমেরিকা, ফিলিপাইন, জাপন, শ্রীলংকা, ভারতসহ বিভিন্ন দেশের প্রায় ২০ জন গণিতবিদসহ ৩০০ শতাধিক গণিতবিদ অংশগ্রহণ করবে বলে আশা করছি। উদ্বোধনী অনুষ্ঠান ৮ ডিসেম্বর সকাল ১০:০০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আব্দুল মান্নান উদ্বোধন করবেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর ড. মো: ইউসুফ আলী মোল্লা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মো: আখতারুজ্জামান, বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো: আব্দুল আজিজ, গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. অমল কৃষ্ণ হালদার ও বাংলাদেশ গণিত সমিতির সম্পাদক প্রফেসর ড. মো: শহীদুল ইসলাম।

সভায় সভাপতিত্ব করবেন বাংলাদেশ গণিত সমিতির সভাপতি প্রফেসর সাজেদা বানু। ৯ -১০ তারিখের কার্যক্রম সকাল ৯:০০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে অনুষ্ঠিত হবে। সম্মেলনের মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হয় ''দক্ষিণ এশিয়ার গণিতবিদদের সাথে সেতু বন্ধন"। উক্ত সম্মেলনের ১২জন আমন্ত্রিত অতিথি প্রবন্ধ উপস্থাপন করবেন এবং ১৩০টি প্রন্ধ উপস্থাপনের জন্য গ্রহণ করা হয়।

নির্বাচিত প্রবন্ধ বাংলাদেশ গণিত সমিতির জার্নালে প্রকাশ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সম্মেলনে শ্রেষ্ঠ পোস্টার ও প্রবন্ধ উপস্থাপনের জন্য পুরস্কারের ব্যবস্থা আছে। উক্ত সম্মেলন দক্ষিণ এশিয়ার গণিতবিদদের মধ্যে জ্ঞানের আদান প্রদান ও অভিজ্ঞতা বিনিময় করতে পারবে। ফলে আমাদের দেশের গণিতবিদদের জ্ঞান, অভিজ্ঞতা, উৎকর্ষতা, কার্যকরীতা বৃদ্ধি পাবে বলে আশা করছেন। গণিতের গবেষণা, জ্ঞান, তরুন গণিতবিদরা ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে নিজেরা উপকৃত হবে এবং গণিত শিক্ষার মান উন্নয়নে সহায়তা করবে। উক্ত সম্মেলনে মিডিয়া পার্টনার হিসাবে ইলেক্ট্রনিক মিডিয়া নিউজ ২৪, প্রিন্ট মিডিয়া দৈনিক মানবজমিন, ডেইলি সান, ক্যাম্পাসলাইফ২৪ অংশগ্রহণ করবে। আর্থিকভাবে সহযোগিতা করেন CASIO Japan ওআইসি অংগ প্রতিষ্ঠান COMSTECH.